



নিজের বিরুদ্ধে ঢাকা সমাবেশে হাজির হয়ে সবাইকে অবাক করে দিলেন পাটওয়ারী



ছবি: সংগৃহীত

রাজধানীতে নিজের বিরুদ্ধে ঢাকা বিক্ষোভে হঠাৎ হাজির হয়ে সবাইকে চমকে দিয়েছেন জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) মুখ্য সমন্বয়ক ও ঢাকা-৮ আসনের প্রার্থী নাসীরুদ্দীন পাটওয়ারী। রবিবার (৮ ফেব্রুয়ারি) বিকেলে এই দৃশ্যের সাক্ষী ছিলেন উপস্থিত জনতা ও সংবাদকর্মীরা।

প্রত্যক্ষদর্শীদের বরাতে জানা গেছে, হেফাজতে ইসলামের সাবেক মহাসচিব ও আমির আল্লামা জুনায়েদ বাবুনগরীকে কেন্দ্র করে নাসীরুদ্দীন পাটওয়ারীর বক্তব্য ও মন্তব্যের বিরুদ্ধে বিক্ষোভ সমাবেশের ডাক দেওয়া হয়েছিল। বাদ আসর বায়তুল মোকাররম উত্তর গেটে আল্লামা জুনায়েদ বাবুনগরী স্মৃতি সংসদ এই সমাবেশের আয়োজন করে। স্লোগান ও প্রতিবাদের প্রস্তুতি চলাকালীন হঠাৎ সেখানে উপস্থিত হন নাসীরুদ্দীন নিজেই।

তিনি উপস্থিত সবাইকে তার বক্তব্যের জন্য ক্ষমা প্রার্থনা করেন এবং সমাবেশস্থলের সামনেই অবস্থান নেন। কিছুক্ষণ পর তাকে সেখানেই বক্তব্য দিতে দেখা যায়। সামাজিক যোগাযোগ মাধ্যমে এই ঘটনার ছবি দ্রুত ছড়িয়ে পড়ে। কেউ এটি ‘রাজনৈতিক স্ট্যান্ড’ হিসেবে দেখলেও অনেকে তার সাহস এবং ভিন্নমতের প্রতি সম্মান প্রদর্শনকে ইতিবাচকভাবে গ্রহণ করেছেন। পরে নিজেই ফেসবুকে একটি পোস্টে নাসীরুদ্দীন পাটওয়ারী লেখেন, “আমার কথায় বা আচরণে যারা মনঃকষ্ট পেয়েছেন, তাদের কাছে আমি আন্তরিকভাবে নিঃশর্ত দুঃখ প্রকাশ করছি।”